একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

www.mymensingheducationboard.gov.bd

## জরুরি বিজ্ঞপ্তি

স্মারক নং-মশিবো/বি/৮ম/রেজি/২০২৫/১২৯৬ তারিখ : ১৮-০৯-২০২৫ খ্রি.

**বিষয়ঃ- ২০২৫ সালে অধ্যয়নরত ৮ম শ্রেণির শিক্ষার্থীদের তথ্য আপলোড, সংশোধন ও নিবন্ধনকরণ প্রসঙ্গে।**

কর্তৃপক্ষের নির্দেশক্রমে অত্র বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অবগত করা যাচ্ছে যে, ২০২৫ সালে অধ্যয়নরত ৮ম শ্রেণির শিক্ষার্থীদের তথ্য আপলোড, সংশোধন ও নিবন্ধন নিম্নরূপে সম্পন্ন করতে হবে-

১। ২০২৫ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের তথ্য অনলাইনে আপলোড করতে হবে।

২। ৮ম শ্রেণির শিক্ষার্থীদের পরীক্ষা বছরের ১ জানুয়ারী শিক্ষার্থীর ন্যূনতম বয়স ১১+ বছর এবং সর্বোচ্চ ১৭ বছর , তবে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে এ বয়সসীমা সর্বোচ্চ ২২ বছর।

৩। ২০২৪ সালে ৭ম শ্রেণিতে অধ্যয়নরত ও ২০২৩ সালে ৬ষ্ঠ শ্রেণিতে নিবন্ধনকৃত শিক্ষার্থীদের নামের তালিকা ২০২৫ সালের ৮ম শ্রেণিতে অনলাইনে প্রদর্শন করা হয়েছে।

৪। যে সকল প্রতিষ্ঠানে কম্পিউটারসহ ইন্টারনেট সংযোগ নেই তাদের নিকটবর্তী ইউনিয়ন ই-সেবা কেন্দ্রের মাধ্যমে তথ্য আপলোড করতে হবে। কোন ক্রমেই কোন দোকান/ব্যক্তিগত প্রতিষ্ঠান থেকে নিবন্ধন সম্পন্ন করা যাবে না।

**৫। প্রত্যেক প্রতিষ্ঠান তার শিক্ষার্থীদের নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে শিক্ষকদের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি নিবন্ধন কমিটি গঠন করবে এবং কমিটি কর্তৃক প্রদানকৃত শিক্ষার্থীদের তথ্য প্রিন্ট করে যাচাইপূর্বক সকল সদস্যের স্বাক্ষর শেষে অনলাইন নিবন্ধনের তথ্যের পাশে শিক্ষার্থীদের নিজ নিজ স্বাক্ষর করা চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ডকপি) প্রধান শিক্ষকের অনুমোদনসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করবে। যে কোন প্রকার ভুলত্রুটির জন্য প্রতিষ্ঠান প্রধান ও কমিটির সদস্যগণ যৌথভাবে দায়ী থাকবেন।**

৬। অনলাইনে তথ্য আপলোড ও সংশোধন এবং নিবন্ধন কার্যক্রমের সময়সূচি জরিমানা ছাড়া ১৮-০৯-২০২৫ খ্রি. হতে ০৬-১০-২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত এবং বিলম্ব ফি সহ ০৭-১০-২০২৫ খ্রি. হতে ০৮-১০-২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত চলমান থাকবে। নির্ধারিত তারিখের পর নতুন কোন তথ্য আপলোড করা যাবে না। প্রত্যেক প্রতিষ্ঠান নিবন্ধনকৃত শিক্ষার্থীদের নিবন্ধনের হার্ডকপি সংরক্ষণ করবে। পরবর্তীতে এই হার্ডকপির সাথে নিবন্ধন কার্ড যাচাই করতে হবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে সংশোধন করতে হবে। তবে অনলাইনে তথ্য আপলোড না থাকলে তাকে শিক্ষার্থী বলে গণ্য করা যাবে না।

৭। (ক) ৮ম শ্রেণির শিক্ষার্থী প্রতি ফি এর হার।

| নিবন্ধন ফি | স্কাউট ফি | গার্ল গাইডস ফি | রেড ক্রিসেন্ট ফি | বেসরকারী অবসরপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীগণের অবসর ও কল্যাণ ট্রাস্ট তহবিল | বিলম্ব ফি | বিলম্ব ফি ব্যতিত মোট টাকার পরিমান | বিলম্ব ফি সহ মোট টাকার পরিমান |
|---|---|---|---|---|---|---|---|
| ৫০/- | ২৫/- | ১৫/- | ১৬/- | ১০০/- | ৫০/- | ২০৬/- | ২৫৬/- |

(খ) শিক্ষার্থী প্রতি রেড ক্রিসেন্ট ফি ৪০/- (চল্লিশ) টাকা আদায় করে আদায়কৃত অর্থের ৬০% অর্থ সংশ্লিষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানে রেখে অবশিষ্ট ৪০% অর্থাৎ ১৬/- (ষোল) টাকা শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে।

৮। অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইনে আবেদন করার নিয়মাবলি নিম্নরূপ:

ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.mymensingheducationboard.gov.bd) এ প্রবেশ করুন।

- **Our Services থেকে Institute Panel এ Login করুন।**
- **Click on Registration > Eight-2025 এ Six-2023 এর নিবন্ধিত সকল শিক্ষার্থীর তালিকা পাওয়া যাবে।**
- **উপরের Tab এর Print Non-Final List শুরুতে প্রিন্ট করুন।**
- **ডান পাশের Action বাটনের Edit এ Click করে প্রয়োজনীয় সংশোধন করুন। (যদি প্রয়োজন হয়)**
- **ডান পাশের Action বাটনের Delete এ Click করে অতিরিক্ত শিক্ষার্থী বাতিল করুন। (যদি প্রয়োজন হয়)**
- **উপরের Tab এর Payment এ Click করে নিবন্ধন ফি প্রদান করুন।**
- **উপরের Tab এর Final Submit এ Click করে নিবন্ধন নিশ্চিত করুন।**
- **উপরের Tab এর Final Submit দেওয়ার পর Print Final Student List এ গিয়ে প্রিন্ট করে সংরক্ষণ করুন।**

**বি.দ্র. : কোন শিক্ষার্থী BTC নিয়ে অন্য বোর্ড থেকে আসলে Add New Student এ গিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।**

৯। ২০২৩ সালে ৬ষ্ঠ শ্রেণিতে নিবন্ধন ব্যতীত কোন শিক্ষার্থী ২০২৫ সালে ৮ম শ্রেণিতে নিবন্ধন করতে পারবে না।

১০। ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.mymensingheducationboard.gov.bd) এর বাম পাশের মেন্যু থেকে **Our Services** এ গিয়ে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN ও Password দিয়ে Login করে শিক্ষার্থীর নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**যোগাযোগ : রফিকুল ইসলাম, সহকারী বিদ্যালয় পরিদর্শক, মোবাইল : ০১৭৬৭-০০৮২১৬**

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত
**প্রফেসর ড. মোঃ দিদারুল ইসলাম**
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
অত্র বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল
নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

স্মারক নং-মশিবো/বি/৮ম/রেজি/২০২৫/১২৯৬ তারিখ : ১৮-০৯-২০২৫ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
২। জেলা প্রশাসক, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা।
৩। উপ-পরিচালক (মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৫। জেলা শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা।
৬। সহকারী প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৮। সংরক্ষণ নথি।

23.09.2025
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।